

পানির মধ্যে পাঠদান

■ কেশবপুর (যশোর) প্রতিবেদন

কপোতাক্ষ মন্দের উপচেপড়া পানিতে কেশবপুর উপজেলার ৯টি শিক্ষা প্রতিষ্ঠান ৪ মাস ও দুটি শিক্ষা প্রতিষ্ঠান ১০ বছর ধরে জলাবদ্ধ অবস্থায় রয়েছে। এ অবস্থায় বাধা হয়ে আনপাশে কোনো উচ্চ জায়গায় অথবা পানির মধ্যেই শিক্ষার্থীদের পাঠদান করা হচ্ছে।

জুলাইয়ের প্রথম সপ্তাহে কপোতাক্ষের তীরবর্তী সাগরদাঁড়ি ও বিদ্যানন্দকাটি ইউনিয়নের ১০টি গ্রাম জলাবদ্ধ হয়ে পড়ে। এর মধ্যে ধনপতি, বিল সংলগ্ন রেজাকাটি, বগা, মহাদেবপুর, নেহালপুর, আউলপাতি ও শ্রীপুর গ্রামের পানি এখনও কমেনি। যে কারণে ওই সব গ্রামের ৬টি প্রাথমিক বিদ্যালয়, ৪টি মাধ্যমিক বিদ্যালয় ও ১টি দাখিল মাদ্রাসা জলাবদ্ধ হয়ে রয়েছে। এ অবস্থায় শিক্ষার্থীদের

জীবনের ঝুঁকি নিয়ে প্রাচীরে প্রাচীরে জলমগ্ন বিদ্যালয়ে আসতে হচ্ছে। উচ্চ জায়গায়, অন্যের বাড়িতে বা পানির মধ্যে বেঞ্চ দিয়ে তৈরি মাচার ওপর বসে শিক্ষার্থীদের পাঠদান করা হচ্ছে।

উপজেলার মহাদেবপুর গ্রামে অবস্থিত মহাদেবপুর প্রাথমিক বিদ্যালয় ও মহাদেবপুর আরবিএস মাধ্যমিক বিদ্যালয়ে ৫ শতাধিক শিক্ষার্থী লেগাপড়া করছে। মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক সত্যজ্ঞান জ্ঞানান, ওই গ্রামের

পানি নিষ্কাশনের একমাত্র পথ খণ্ডার খাল দখল করে প্রভাবশালীরা মাছ চাষ করায় গত ১০ বছর ধরে বিদ্যালয় দুটি জলাবদ্ধ হয়ে আছে। বিকল্প ব্যবস্থা না থাকায় পানির মধ্যে চলছে পাঠদান।

মহাদেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল হান্নান বলেন, পানির মধ্যে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ক্লাস করতে গিয়ে মাঝে মধ্যে অনেকেরই অসুস্থ হয়ে পড়ে। বিদ্যালয়টি সম্পূর্ণ প্রাচীরে হওয়ায় কক্ষ সেক্টরের কারণে শব্দম ও শিও শ্রেণীর ক্লাস

চলছে গ্রামের জাকির হোসেনের বাড়িতে। রেজাকাটি শহীদ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহানারা বেগম জ্ঞানান, পানির কারণে বিদ্যালয়ের চেয়ার-বেঞ্চসহ আসবাবপত্র নষ্ট ও ভবনটি ভুঁকিপূর্ণ হয়ে পড়েছে।

আউলপাতি আইডিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিখিল চন্দ্র দাস জ্ঞানান, জলাবদ্ধতার কারণে মেধাবী ছাত্রদের ধরে রাখা সম্ভব হচ্ছে না।

নেহালপুর মহিলা দাখিল মাদ্রাসার সুপার আবুল কালাম আজাদ জ্ঞানান, মাদ্রাসার চারপাশ বাঁধে সেচ দিয়ে প্রাথমিক পাঠদানের উপযোগী করা হয়েছে।

ইউএনও আবু সায়েদ মো. মনজুর আলম বলেন, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

কপোতাক্ষ পাড়ের
১১ শিক্ষা প্রতিষ্ঠান
জলাবদ্ধ